দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 27 OCT 1988
পৃষ্ঠা 1 কলাম 4

005

# প্রকৌশল বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা

॥ স্টাফ রিপোর্টার ॥

বুধবার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই সঙ্গে আজ বৃহস্পতিবার রাত ১০টার মধ্যে হল ত্যাগের জন্য বিশ্ববিদ্যালয়ের সকল আবাসিক ছাত্রদের নির্দেশ দিয়েছেন।

ছাত্র-ছাত্রীদের ক্লাস বর্জন অব্যাহত থাকার প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশের মারাত্মক অবনতি ঘটায় এবং স্বাভাবিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করা অসম্ভব হয়ে পড়ায় এই

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## বন্ধ ঘোষণা

(প্রথম পৃঃ পর)

সিদ্ধান্ত নেয়া হয়েছে। গতরাতে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে।

ক্লাশ টেস্ট বাতিল এবং বৃত্তির পরিমাণ বৃদ্ধির দাবীতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় ছাত্রছাত্রীরা দীর্ঘ দু'সপ্তাহ যাবত ক্লাশ বর্জন করে আসছিল।

### ছাত্রদের প্রতিবাদ ও সমাবেশ

এই সিদ্ধান্তের প্রতিবাদে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা গত রাতে এক বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি জাতীয় প্রেস ক্লাবে এসে শেষ হয়। ছাত্ররা ভাইস চান্সেলরের কাছে দেয়া এক স্মারকলিপিতে হল ত্যাগ করতে অস্বীকার করেছে।